আজকের কাগজ

তারিখ .. 0.4 DEC 1992
পৃষ্ঠা... ২ ... কলাম .. ৬ ...

৩৭

## শিক্ষার হার বনাম বাজেট বরাদ্দ

**গাজী আবুবকর সিদ্দিকী :** বাংলাদেশ শিক্ষিতের হার বর্তমানে ২৩ ভাগ নয় শতকরা ৩২ ভাগ। এতথ্য প্রকাশ করেছেন একজন প্রখ্যাত সাংবাদিক ও এনজিও প্রধান। গতকাল সাভারে সবার জন্যে স্বাস্থ্য ও আন্তর্জাতিক কনজুমারস ইউনিয়ন (আই ও ইউসি) আয়োজিত "ওষুধের যথাযথ ব্যবহারে প্রচার মাধ্যমের ভূমিকা" শীর্ষক কর্মশালা আলোচনায় অংশ নিয়ে সাংবাদিক সালিম সামাদ এ তথ্য উত্থাপন করে বলেন, সরকার দাবি করছে বাজেটে-সামরিক খাতের বরাদ্দের চেয়ে শিক্ষা খাতে বরাদ্দ বেশি করা হয়েছে। অথচ প্রকৃত সত্য হচ্ছে এরশাদের শাসনামলের তুলনায় বর্তমানে বাজেটে শিক্ষা খাতের তুলনায় সামরিক খাতেই বরাদ্দ বেশি দেয়া হচ্ছে।